



আরো ১শ'টি মাদ্রাসায় কারিগরি শিক্ষা কোর্স চালু হবে শিক্ষা উপমন্ত্রী

সংসদ রিপোর্টার : দেশের ৬১টি দাখিল মাদ্রাসায় কারিগরি শিক্ষা কোর্স ইতোমধ্যেই চালু হয়েছে। আরো ১শ'টি মাদ্রাসায় এই কোর্স চালুর ব্যাপারে সরকার একটি প্রকল্প হাতে নিয়েছে। আলিম ও ফাজিল মাদ্রাসা এই কোর্স চালুর ব্যাপারে এগিয়ে এলে সরকার সেখানেও কারিগরি শিক্ষা কোর্স চালুর বিষয়টি বিবেচনা করবে।

শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিটু গতকাল (মঙ্গলবার) জাতীয় সংসদে জামায়াতে ইসলামীর আদ্বামা দেলাওয়ার হোসাইন সাঈদীর দেশের মাদ্রাসাসমূহে কারিগরি শিক্ষা কার্যক্রম চালুকরণ শীর্ষক একটি জরুরী জনগুরুত্বপূর্ণ বিষয়ে আনীত মনোযোগ আকর্ষণ নোটিশের জবাবদানকালে এই তথ্য জানান। শিক্ষা উপমন্ত্রী প্রসঙ্গক্রমে আরো বলেন যে, আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসাকে একটি এ্যাফেলিয়েটিং বিশ্ববিদ্যালয়ের অধীনে নিয়ে আসার ব্যাপারেও সরকার সক্রিয়ভাবে চিন্তা-ভাবনা করছে।